# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 23-03-2025 Time: 7-50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের অধীন কেলগ কলেজে ভাষণ দেওয়া সহ একগুচ্ছ কর্মসূচীতে যোগ দিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ লন্ডনে পৌঁছেছেন।

২) আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের নিহত চিকিৎসক-ছাত্রীর বাবা-মায়ের আবেদনের ভিত্তিতে কলকাতা হাইকোর্টে আগামীকাল শুনানি হবে।

৩) হাওড়ার বেলগাছিয়ায় ভাগাড়ে ধসকান্ডে আজ এলাকা পরিদর্শনে যান ইন্টারন্যাশানাল সোসাইটি অফ ওয়েস্ট ম্যানেজমেন্ট এয়ার অ্যান্ড ওয়াটারের সদস্যরা।

৪) উত্তর ও দক্ষিণবঙ্গ সহ রাজ্যের সর্বত্রই আগামীকাল থেকে গরম বাড়বে।

৫) মোহনবাগান, কলকাতা প্রিমিয়ার হকি লীগে চ্যাম্পিয়ন হয়েছে।

----------------------------------------------------------------------------------------

বেশ কিছু কর্মসূচিতে যোগ দিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আট দিনের সফরে আজ লন্ডন পৌঁছেছেন। হিথরো বিমানবন্দরে নামার পর তিনি আজ সেন্ট জেমস কোর্ট হোটেলেই থাকছেন। আগামীকাল তার সেখানকার ভারতীয় হাই কমিশনে একটি অনুষ্ঠানে যোগ দেওয়ার কথা। মুখ্য সচিব মনোজ পন্থ, শিল্প সচিব বন্দনা যাদব ছাড়াও তাঁর সঙ্গে রয়েছেন মুখ্যমন্ত্রীর নিরাপত্তা প্রধান পীযূষ পান্ডে সহ বেশ কয়েকজন আধিকারিক।

আগামী বৃহস্পতিবার অক্সফোর্ডের কেলগ কলেজে তাঁর ভাষণ দেওয়ার কর্মসূচী রয়েছে। বিষয় সামাজিক উন্নয়ন। শুক্রবার তিনি লন্ডন থেকে দুবাই হয়ে কলকাতার উদ্দেশে রওনা দেবেন।

-------------------

পশ্চিমবঙ্গের মানুষ আগামী বিধানসভা নির্বাচনে সরকার পরিবর্তনের জন্য প্রস্তুত বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। হাইকোর্টের অনুমতি নিয়ে আজ পূর্ব মেদিনীপুরের হলদিয়ায়, রাজ্য জুড়ে চলা সনাতনীদের ওপর আক্রমণের বিরুদ্ধে এক প্রতিবাদ মিছিলের নেতৃত্ব দেন তিনি। মিছিল শেষে মঞ্জুশ্রী মোড়ে এক সভায় শ্রী অধিকারী বলেন, রাজ্যে শাসকদলের মদতে ছাপ্পা ভোট পড়ার ঘটনা অভ্যাসে দাঁড়িয়েছে।

বাংলায় তোষণের রাজনীতির অভিযোগ তুলে তিনি জানান, নিজেরা ঐক্যবদ্ধ হলেই সরকার পরিবর্তন সম্ভব হবে। বাংলাদেশের বর্তমান পরিস্থিতির উল্লেখ করে শ্রী অধিকারী বলেন, অবস্থার পরিবর্তন না হলে অদূর ভবিষ্যতে এরাজ্যেও একই পরিস্থিতি তৈরি হতে পারে।

-------------------

রাজ্যের শাসক দল রাজনীতি বন্ধ করলেই দেউচা পাচামিতে কাজ শুরু হওয়া সম্ভব বলে বিজেপি নেতা সতীশচন্দ্র দুবে জানান। গতকাল থেকে সারাদেশে শুরু হওয়া বিহার দিবস উদযাপন উপলক্ষে ঐ রাজ্যের বিজেপি নেতা ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র দুবে সারাদেশে ৭৫টি স্থান পরিদর্শন করছেন। এই কর্মসূচির অঙ্গ হিসেবে শ্রী দুবে আজ কলকাতায় এসে দলীয় কর্মীদের সঙ্গে বৈঠক করেন।

-------------------

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের নিহত চিকিৎসক-ছাত্রীর বাবা-মায়ের আবেদনের ভিত্তিতে আগামীকাল কলকাতা হাইকোর্টের বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে এই মামলার শুনানি হবে। ওই পিজিটি চিকিৎসকের ধর্ষণ এবং খুনের ঘটনার ফের তদন্তের আর্জি নিয়ে গত বৃহস্পতিবার হাইকোর্টের দ্বারস্থ হয়েছিল নির্যাতিতার পরিবার। এই মামলার বিষয়ে অভয়ার বাবা জানিয়েছেন,

বাইট

এর আগে শিয়ালদহ আদালত দোষী সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়ের আমৃত্যু কারাদণ্ডের আদেশ দিয়েছে। কিন্তু তার সর্বোচ্চ সাজা অর্থাৎ মৃত্যুদণ্ড চেয়ে রাজ্য সরকার এবং সিবিআই হাইকোর্টে গিয়েছিল। সিবিআইয়ের আর্জি গ্রহণযোগ্য বলে জানায় হাইকোর্ট।

এদিকে, বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের নেতৃত্বে আজ তিলোত্তমা হত্যার প্রতিবাদে উত্তর ২৪ পরগণার পানিহাটিতে মিছিল বের হয়। শ্রী মজুমদার অভিযোগ করেন, এই খুনের তথ্য প্রমাণ লোপাটে যারা মূল ভূমিকা পালন করেছিলেন, তাদের মধ্যে অন্যতম পানিহাটির কাউন্সিলার সোমনাথ দে। তাকে চেয়ারম্যান মনোনীত কোরে মুখ্যমন্ত্রী ন্যায়বিচারের জন্য রাস্তায় নামা বাংলার মানুষকে বিদ্রূপ করেছেন বলেও মন্তব্য করেন তিনি।

বাইট সুকান্ত

-------------------

রাজ্যে স্বনির্ভর গোষ্ঠীগুলিকে শক্তিশালী করে তুলতে গৃহীত বিভিন্ন উদ্যোগের অঙ্গ হিসেবে রাজ্য সরকার এবার মাছের চারা বিলির কাজ স্বনির্ভর গোষ্ঠীর মাধ্যমে করার সিদ্ধান্ত নিয়েছে। চলতি বছরে হাওড়া, হুগলি, জলপাইগুড়ি, কোচবিহার, উত্তর ও দক্ষিণ দিনাজপুর সহ রাজ্যের ২১ টি জেলার ৬১ হাজার ৭৫০ জনকে রুই, কাতলা, মৃগেল মাছের চারা দেবে মৎস্য দপ্তর। আনন্দধারা প্রকল্পের আওতায় প্রায় ৫০০টি স্বনির্ভর গোষ্ঠীর মাধ্যমে এই চারা বিলি করা হবে। এজন্য খরচ বাবদ প্রায় ৩০ কোটি টাকা বরাদ্দ হয়েছে।

------------------

পরিবেশে পাখির সংখ্যা কমা বাড়া পর্যবেক্ষণে রাখতে পাখির ডাক রেকর্ড করে রাখা প্রয়োজন বলে পক্ষী বিশারদরা মত প্রকাশ করেছেন। এই ডাক সংরক্ষণে থাকলে আগামী দিনে কোন্ পাখির সংখ্যা কমতে বা অবলুপ্ত হতে চলেছে, সে সংক্রান্ত গবেষণার নির্ভরযোগ্য তথ্য পাওয়া যাবে। বার্ড ওয়াচার্স সোসাইটির উদ্যোগে Dwan Chorus Day উদযাপন উপলক্ষে কলকাতায় আজ এক অনুষ্ঠানে পক্ষী বিশারদ সুদীপ্ত রায় বলেন, পাখির সংখ্যার অনুপাত নিয়ে বিস্তৃত গবেষণার জন্য সরকারি উদ্যোগ ও তৎপরতার প্রয়োজন।

বাইট সুদীপ্ত রায়

উল্লেখ্য, ২০২৩ সাল থেকে আজকের দিনটি ভারতে Dawn Chorus Day হিসাবে উদযাপিত হয়ে আসছে। আগামী বছর বাংলাদেশের সঙ্গে যৌথভাবে এই বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হবে বলে সংগঠনের তরফে জানানো হয়েছে।

------------------

বিশ্ব আবহাওয়া সংগঠন দিবসে আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের বিশেষ আলোচনা- **'হাওয়া মোরগ'** । আলিপুর আবহাওয়া দপ্তরের প্রধান ডঃ সোমনাথ দত্তের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মণ্ডল।

অনুষ্ঠানের **প্রথম পর্ব** শোনা যাবে **আজ** গীতাঞ্জলী ও সঞ্চয়িতায় রাত সাড়ে ৮টায়। **দ্বিতীয় পর্ব** শোনা যাবে **আগামী মঙ্গলবার** সঞ্চয়িতায় রাত সাড়ে ৮'টায়।

এই আলোচনা আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সামাজিক মাধ্যমেও পাওয়া যাবে।

-------------------

হাওড়ার বেলগাছিয়ায় ভাগাড়ে ধস নেমে জলের পাইপ ফেটে যাওয়ার পর চার দিন কেটে গেলেও এখনও গোটা এলাকা বিদ্যুত্ বিহীন। একইসঙ্গে রয়েছে তীব্র জলকষ্ট। শালকিয়া সহ অন্যান্য কয়েকটি ওয়ার্ডে আজ সন্ধ্যার পর থেকে পরিষেবা স্বাভাবিক হয়েছে বলে জেলাশাসক ডক্টর পি দীপাপপ্রিয়া জানিয়েছেন।

দোকানপাট রাস্তার পাশাপাশি বাড়িঘরে দেখা দিয়েছে বড় বড় ফাটল। আজ সকালে দু-একটি বাড়ি হুড়মুড়িয়ে ভেঙে পড়ে। একই পরিণতির আশঙ্কায় দিন কাটাচ্ছেন স্থানীয় বাসিন্দারা। ইতোমধ্যেই বেশ কিছু পরিবার অন্যত্র উঠে গেছে। কলকাতা পুরনিগম এবং নিকটবর্তী পুরসভাগুলি থেকে জলের পাউচ এবং ট্যাঙ্ক পাঠিয়ে জল সরবরাহ স্বাভাবিক রাখার চেষ্টা চালানো হচ্ছে। ১৯ টি বাড়ির প্রায় সাড়ে তিনশো বাসিন্দাকে একটি স্কুলে আশ্রয় দেওয়া হয়েছে।

আজ ভাগাড়ে ধসের কারণ খুঁজতে ঘটনাস্থল পরিদর্শনে আসেন ইন্টারন্যাশানাল সোসাইটি অফ ওয়েস্ট ম্যানেজমেন্ট এয়ার অ্যান্ড ওয়াটারের বিজ্ঞানীরা। অবিলম্বে

ভাগাড়ে বর্জ্য ফেলা বন্ধ করতে হবে বলে জানান ঐ দলের সদস্য, ডক্টর সাধন ঘোষ। তিনি বলেন, বর্জ্য থেকে উৎপন্ন হওয়া মিথেন গ্যাসের কারণে এই বিপত্তি।

বাইট সাধন ঘোষ

আজ সন্ধ্যায় যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এক বিশেষজ্ঞ দল, স্থানীয় সাসংদ বিধায়ক এবং প্রশাসনিক কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে বসেন জেলাশাসক। তিনি বলেন, বিশেষজ্ঞদের পরামর্শ মত বর্জ্য ফেলার কারণে তৈরি হওয়া চাপ কমানোর জন্য কাজ শুরু হবে।

বাইট দীপাপপ্রিয়া

-------------------

উত্তর ২৪ পরগণার কামারহাটি পুরসভার ২৯ নম্বর ওয়ার্ডের চৌধুরী পাড়া এলাকায় প্রায় ৪০ জন ডায়রিয়ায় আক্রান্ত হওয়ায় চাঞ্চল্য ছড়িয়েছে। দিন পাঁচেক ধরে পেটে ব্যাথা, বমি উপসর্গ নিয়ে বেশ কয়েকজন স্থানীয় সাগরদত্ত এবং কামারহাটি ইএসআই হাসাপাতালে ভর্তি। পুরসভার চেয়ারম্যান গোপাল সাহা বলেন, ইতোমধ্যেই জলের নমুনা পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। রিপোর্ট হাতে পেলে ঘটনার প্রকৃত কারণ জানা যাবে।

বাইট

এদিকে, পরিস্থিতি সামাল দিতে পুরসভার তরফে এলাকায় জলের গাড়ি দেওয়া হয়েছে। বিলি করা হচ্ছে ওআরএস এবং প্রয়োজনীয় ওষুধ।

-------------------

ঝাড়খণ্ডের পশ্চিম সিংভূম জেলার ছোট নাগরা এলাকায় মাওবাদী দমন অভিযান চালানোর সময় আইইডি বিস্ফোরণে CRPF-এর ১৯৩ নং ব্যাটালিয়নের সাব ইন্সপেক্টর এরাজ্যের সুনীল কুমার মন্ডলের মৃত্যু হয়েছে। তিনি পশ্চিম মেদিনীপুরের গোয়ালতোড়ের বাসিন্দা। CRPF-এর তরফে জানানো হয়েছে আজ তার মেদিনীপুরের বাড়িতে মৃতদেহ পাঠানো হবে। জওয়ানের মৃত্যুতে পরিবার ও এলাকাবাসীর মধ্যে শোকের ছায়া।

-------------------

উত্তর ও দক্ষিণবঙ্গ সহ রাজ্যের সর্বত্রই আগামীকাল থেকে গরম বাড়বে। আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাভাসে জানানো হয়েছে, উত্তরের সব জেলাতেই এবং দক্ষিণবঙ্গে কোথাও কোথাও আজ বিক্ষিপ্তভাবে দমকা হাওয়া ও বজ্রপাত সহ বৃষ্টির সম্ভাবনা আছে। দপ্তরের আবহবিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে বলেন, কলকাতা ও সংলগ্ন এলাকাতেও একইরকম আবহাওয়া থাকবে।

বাইট অন্বেষা ভট্টাচার্য

আজ সারাদিন আকাশ আংশিক মেঘলা থাকায় দিনের তাপমাত্রা আজও বেশ খানিকটা কমই রয়েছে। রেকর্ড করা হয়েছে ২৯ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা ৫ দশমিক ৩ ডিগ্রি কম।

-------------------

মোহনবাগান, কলকাতা প্রিমিয়ার হকি লীগে চ্যাম্পিয়ন হয়েছে। হাওড়ার ডুমুরজলার অ্যাস্ট্রো টার্ফ হকি মাঠে আজ ফাইনালে মোহনবাগান ৩-১ গোলে ইস্টবেঙ্গলকে হারিয়ে দিয়েছে। মোহনবাগানের পক্ষে অর্জুন শর্মা, এস কার্তিক, রাহুল মউসিন গোল করেছেন। ইস্টবেঙ্গলের জামির একটি গোল শোধ করেন। মোহনবাগানের

অভ্রণ সুদেভ সর্বাধিক গোলদাতার পুরস্কার পেয়েছেন। তিনি সাতটি গোল করেছেন। ইস্টবেঙ্গলের অতুল দীপ লীগে সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন।

মোহনবাগান তিন লাখ এবং ইস্টবেঙ্গল কে দুই লাখ টাকা অর্থ পুরষ্কার দেওয়া হয়।

------------------ ------------------